

# বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫।

ফোনঃ ৯১৪০৮০১, ৯১৪০৮০৬, ৯১৪৪৪০৫, ৯১৪৩৪৯৪ ফ্যাক্স: ৫৫০১১৮৫৩

ওয়েব সাইট: www.bfdc.gov.bd ই-মেইল: bfdc\_64@yahoo.com

বাঃ মঃ উঃ কঃ

## বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের উত্তম চর্চা ও চ্যালেঞ্জ, সমস্যা নিরসন সম্পর্কিত প্রতিবেদন

ভূমিকা: বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে রূপান্তরের লক্ষ্যে দেশের মৎস্য সম্পদ ও মৎস্যশিল্প উন্নয়নের জন্য স্বাস্থ্যসম্মত মৎস্য অবতরণ, প্রক্রিয়াকরণ, বাজারজাতকরণ ও কাপ্তাই লেকে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রভৃতি কার্যক্রমের সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন মৎস্যজীবী, মৎস্য শ্রমিক, মৎস্য ব্যবসায়ীদের আর্থ সামাজিক অবস্থার উন্নয়নসহ ভোক্তাদের দোড়গৌড়ায় যথাযথ সেবা প্রদান করছে। উল্লিখিত কার্যক্রম বাস্তবায়নের জন্য কর্পোরেশনের উত্তম চর্চা ও চ্যালেঞ্জ, সমস্যা নিরসন সম্পর্কিত তথ্যাদি নিম্নরূপঃ

(ক) উত্তম চর্চা:

(১)	অবতরণ কেন্দ্রের মাধ্যমে আধুনিক সুযোগ সুবিধা বৃদ্ধি করে মাছের পোস্ট হারভেস্ট লস (Post Harvest Loss) কমানো	সমুদ্র, উপকূল, হাওর ও কাপ্তাই লেক হতে মৎস্যজীবীদের আহরিত মাছের POST HARVEST LOSS রোধকল্পে লক্ষ্যে স্বাস্থ্যসম্মত মৎস্য অবতরণ, সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ সুবিধাদি প্রদান করা হয়। এরই ধারাবাহিকতায় হাওর ও উপকূল অঞ্চলে আহরিত মৎস্যের গুণগতমান সংরক্ষণ, আহরণোত্তর অপচয় রোধ ও মাছের ন্যায্য মূল্য প্রাপ্তির সুবিধার্থে আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত আরও ৭টি নতুন মৎস্য অবতরণ, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ কেন্দ্র স্থাপন করা হচ্ছে।
(২)	ঢাকা মহানগরীতে ফরমালিনমুক্ত মাছ বিপণন	গুণগতমান সম্পন্ন মাছের প্রাপ্যতা নিশ্চিতকরণ এবং জনসাধারণের মাঝে সচেতনতা বৃদ্ধির নিমিত্ত ঢাকা শহরের ধানমন্ডি, গুলশান, মোহাম্মদপুর, মহাখালী ডিওএইচএসসহ প্রায় ১০টি স্পটে ভ্রাম্যমান ফ্রিজারভ্যানের মাধ্যমে ফরমালিনমুক্ত সতেজ মাছ বিক্রি করা হচ্ছে। হাওর থেকে আহরিত ফরমালিনমুক্ত মাছ ঢাকা শহরে বিক্রির নিমিত্ত এ বছর আরও ৩টি ভ্রাম্যমান ফ্রিজারভ্যান ক্রয় করা হয়েছে। ঢাকা শহরে প্রতি বছর গড়ে প্রায় ১৬০ মে: টন ফরমালিনমুক্ত মাছ ভ্রাম্যমান ফ্রিজারভ্যানের মাধ্যমে বিক্রয় করা হয়।
(৩)	কুটা মাছ (Dressed Fish) বাজারজাতকরণের	ঢাকা শহরের কর্মজীবী মহিলাদের পারিবারিক কাজের সুবিধার্থে কর্পোরেশন কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরে ৯০০ কেজি কুটা মাছ (Dressed Fish) বাজারজাত করা হয়। এছাড়া কর্পোরেশন কর্তৃক বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান এসাপ হ্যালদি ফুডস, এশিয়ান সি ফুডস লিঃ, ভার্গো ফিশ এন্ড এগ্রো প্রসেস লিঃ, বাংলাদেশ আমেরিকান এগ্রো কমপ্লেক্স (প্রাঃ) লিঃ, মাসুদ ফিশ প্রসেসিং লিঃ, নি হাও ফিশ প্রসেসিং, লকপুর গ্রুপ লিঃ, মেসার্স এম এম এন্টারপ্রাইজ, সেভেস ওশান ফিশ প্রসেসিং লিঃ, গ্লোবাল ডিস্ট্রিবিউশন, বিডি সি ফুড লিঃ, সেফ এন্ড ফ্রেশ ফুডস লিঃ, জেমিনি সি ফুডস লিঃ, কুলিয়ার চর সি ফুড লিঃ, এপেক্স ফুডস লিঃ, আর্ক সি ফুডস লিঃ, স্টার সি ফুড লিঃ, সেন্ট মার্টিন সি ফুডস লিঃ, মেঘনা সি ফুডস লিঃ ও মিনহার সি ফুডস লিঃ এর উৎপাদিত পণ্য দেশী বাজারে বিপণনের জন্য উদ্বুদ্ধ করা হয়। বর্তমানে দেশের প্রায় সকল সুপার শপে কুটা মাছ (Dressed Fish) পাওয়া যাচ্ছে।
(৪)	অনলাইনে মাছ বিক্রয়	ঢাকা শহরে কর্মজীবী মানুষের সহজপ্রাপ্যতার জন্য কর্পোরেশন কর্তৃক সদ্য www.bfdconlinefish.com নামে একটি ওয়েবসাইট চালু করা হয়েছে। এ পর্যন্ত দৈনিক গড়ে ১২ কেজি মাছ অনলাইনে বিক্রয় করা হয়েছে। বিক্রয় কার্যক্রম আরও জোরদারের প্রচেষ্টা অব্যাহত আছে।

২৩/১১/১৯

মুহাম্মদ হাবিবুল আলম  
সচিব  
বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন  
২৩-২৪, কাওরান বাজার, ঢাকা-১২১৫